

ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রক্টরের পদত্যাগ ॥

আবার উত্তেজনা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের দুইটি  
বিবদমান ছাত্র সংগঠনের অনমনীয় ও  
আক্রমণাত্মক মনোভাবের কারণে  
ক্যাম্পাস পুনরায় উত্তপ্ত হওয়া উঠি-  
য়াছে। শনিবার বিশ্ববিদ্যালয় খোলার  
একদিন পর গতকাল (রবিবার) ছাত্র-  
লীগ (শা-পা) ও ছাত্র শিবিরের  
মধ্যে পরস্পরের বিরুদ্ধে উচ্চানি-  
মূলক কার্যকলাপকে কেন্দ্র করিয়া  
উত্তেজনার সৃষ্টি হয়। বেলা ১২টা  
হইতে ছাত্রলীগ প্রধান গেট ও  
প্রশাসন ভবন এলাকায় এবং শিবির  
হল ও অনুঘদ ভবন এলাকায় মুখো-  
মুখী অবস্থান গ্রহণ করে। তবে  
বিশ্ববিদ্যালয় এলাকায় আর্মফোর্সসহ  
দুই শতাধিক পুলিশ অবস্থান করায়  
ছাত্রলীগ ও শিবিরের নেতা কর্মীরা  
বেলা তিনটার দিকে নিজেদের  
অবস্থানের পরিবর্তন ঘটায়। কোন  
অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। উদ্ভূত  
পরিস্থিতিতে প্রক্টর মোশাররফ হোসেন  
এবং প্রক্টরিয়াল বডি'র অপর চার-  
জন সদস্য "একাডেমিক প্রয়োজন ও  
ব্যক্তিগত অসুবিধা দেখাইয়া" পদ-  
ত্যাগ করেন। আজ (সোমবার)  
দুপুর ১২টার মধ্যে তাহাদের পদ-  
তাগের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত  
নেওয়া হইবে।

এদিকে গতকাল বেলা ১১ টার  
দিকে সমাজবিজ্ঞান অনুঘদ হইতে  
জাহাঙ্গীর আলম নামের একজন  
বহিরাগতকে থেকতার করা হই-  
য়াছে।